

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান নিয়ন্ত্রকের কার্যালয়

ঢাকা রেশনিং

২৯৯, জুরাইন, ঢাকা-১২০৪।

E-mail: ccdr@dgfood.gov.bd

নোটিশ

এতদ্বারা অত্র দণ্ডর হতে খাদ্যশস্যের/খাদ্য পণ্য/গম ও গমজাত দ্রব্য/ভোজ্য তেল (সয়াবিন ও পামওয়েল), চিনি, ডাল লাইসেন্স প্রাপ্ত সকল ব্যবসায়ী, আমদানীকারক ও ডিলারগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁদের অনুকূলে ইস্যুকৃত খাদ্যশস্যের লাইসেন্সের মেয়াদ আগামী ৩০/০৬/২০১৫ তারিখে উত্তীর্ণ হবে। সেকারণে উক্ত তারিখের পূর্বেই তাঁদের স্ব-স্ব লাইসেন্স আরো এক বছরের নবায়ন করানোর জন্য নির্ধারিত 'ফি' সর্বশেষ আগামী ৩০/০৬/২০১৫ তারিখের মধ্যে নিম্নোক্ত দণ্ডর সমূহ থেকে চালান পাশ পূর্বক বাংলাদেশ ব্যাংকে জমা দিয়ে চালানের মূল কপি সংশ্লিষ্ট দণ্ডর দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। চালান পাশকালে অবশ্যই লাইসেন্সের হাল নাগাদ কপি দেখাতে হবে।

এখানে উল্লেখ্য যে, নির্ধারিত সর্বশেষ তারিখ ৩০/০৬/২০১৫ তারিখের মধ্যে নবায়ন 'ফি' জমা দিতে ব্যর্থ হলে ইস্যুকৃত লাইসেন্স আপনা আপনি বাতিল হয়ে যাবে। আরো উল্লেখ্য যে, ১ মে.টনের অধিক উপরোক্ত খাদ্য পণ্যের জন্য লাইসেন্স বিহীন ব্যবসা করা শাস্তিযোগ্য অপরাধ।

নিম্নে নবায়নের জন্য প্রদত্ত 'ফি' ও তথ্যাদি দেয়া হলো।

ক্রমিক নং	লাইসেন্সের ধরণ	লাইসেন্স ফি (টাকা)	নাবয়ন ফি (টাকা)	যে দণ্ডর থেকে চালান পাশ ও চালানের মূল কপি দাখিল করতে হবে।	মন্তব্য
১	আমদানীকারক	১০০০০/-	৫০০০/-	১। সকল ধরনের ব্যবসায়ীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট	১। সকল ধরনের ব্যবসায়ীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকা রেশনিং দণ্ড।
২	পাইকারী ব্যবসায়ী ও আড়তদার	৫০০০/-	২৫০০/-		
৩	খুচরা ব্যবসায়ী	১০০০/-	৫০০/-	এলাকা রেশনিং দণ্ড।	
৪	রোলার ময়দা কল	১০০০/-	৫০০/-		
৫	ওএমএস (ট্রাকসেল)	৬০০/-	৩০০/-	২। সকল ডিলারদের ক্ষেত্রে	
৬	ওএমএস (ফেয়ার প্রাইস)	৬০০/-	৩০০/-	অত্র দণ্ডের লাইসেন্স শাখা।	
৭	চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী ফেয়ার প্রাইস	৬০০/-	৩০০/-		

সুকুমার চন্দ্ৰ রায়

প্রধান নিয়ন্ত্রক

ঢাকা রেশনিং, ঢাকা।

তারিখ : ২৫/০৫/২০১৫

স্মারক নং-১৩.০১.০০০০.২৫০.৮৮.০৭০.১৪. ৮৪৬ (২৪)

অনুলিপি :- সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদণ্ডর, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদণ্ডর, ঢাকা।
- ৩। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদণ্ডর, ঢাকা।
- ৪। প্রোগ্রামার কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদণ্ডর, ঢাকা। বিজ্ঞপ্তি খাদ্য বিভাগীয় ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫-১৩। এলাকা রেশনিং কর্মকর্তা (সকল), রেশনিং এলাকা ডি/....., ঢাকা রেশনিং, ঢাকা। তাঁর এলাকাস্থ সকল ব্যবসায়ী ও ডিলারগণকে বিষয়টি অবহিত করে লাইসেন্স সমূহ নবায়নের ব্যবস্থা নিতে বলা হলো। প্রয়োজনে এলাকা ভিত্তিক খাদ্য পরিদর্শক/উপ-খাদ্য পরিদর্শকগণকে বিষয়টি মনিটরিং করার জন্য দায়িত্ব নির্দিষ্ট করে দেয়া যেতে পারে।
- ১৪-২২। সকল এলাকা খাদ্য পরিদর্শক, ঢাকা রেশনিং, ঢাকা। কার্যার্থে
- ২৩। নোটিশ বোর্ড, ঢাকা রেশনিং, ঢাকা।
- ২৪। অফিস নথি, ঢাকা রেশনিং, ঢাকা।

(সুকুমার চন্দ্ৰ রায়)

প্রধান নিয়ন্ত্রক

ঢাকা রেশনিং, ঢাকা।